

## বক্তৃতার পূর্বে যে বিষয়গুলো খেয়াল রাখতে হবে

### ★ আবশ্যিক খেয়ালের বিষয় হচ্ছে :

- শুদ্ধভাষী হওয়া।
- আঞ্চলিকতা পরিহার।
- জিহ্বা বা মুখের জড়তা কাঠামো।
- কাগজ দেখে কথা না বলা।
- সাজিয়ে গুছিয়ে কথা বলা।
- চোখের ব্যবহার।
- কথার পরিপ্রেক্ষিতে নিজের মুড পরিবর্তন করা।
- ডায়াস এর সঠিক ব্যবহার।
- মাইকের উপযুক্ত ব্যবহার।
- সময়ের দিকে লক্ষ্য রাখা।

### ★ সম্ভাষণ :

ভাষণ বা বক্তব্যের শুরুতেই উপস্থিতিদের যথাযথভাবে সম্বোধন করতে হবে। ভাষণ যদি শিক্ষাপ্রতিষ্ঠানের কোনো অনুষ্ঠান অনুষ্ঠান উপলক্ষে লিখতে বলা হয়, তাহলে সেখানে অধ্যক্ষ, শিক্ষক, শিক্ষার্থীদের পাশাপাশি অতিথিও থাকতে পারেন। তাই ভাষণে তাদের উদ্দেশ্য করে সম্ভাষণ করতে হবে।

যেমন : মাননীয় প্রধান অতিথি/ শ্রদ্ধেয় অধ্যক্ষ ও উপস্থিত শিক্ষকবৃন্দ/ প্রিয় ছাত্র-ছাত্রী ভাই-বোনেরা/সম্মানিত উপস্থিতি।

প্রতিষ্ঠানের বাইর হলে : মাননীয় প্রধান অতিথি/সম্মানিত সভাপতি/ প্রিয় এলাকাসবাসী/ সংগ্রামী বন্ধুরা/ সম্মানিত উপস্থিতি ইত্যাদি উল্লেখ করা যেতে পারে।

### ★ সম্ভাষণ অংশের নমুনা :

{.....} দিবস উপলক্ষে আয়োজিতকৃত এই অনুষ্ঠানের সম্মানিত সভাপতি, মাননীয় প্রধান অতিথি, আমন্ত্রিত বিশেষ অতিথি ও মঞ্চার সামনে উপবিষ্ট সুধীমন্ডলী; সবার প্রতি আমার আন্তরিক শুভেচ্ছা।

## শুদ্ধ ভাষার পাঠশালা

## ★ বক্তৃতার লক্ষণীয় বিষয় :

বক্তৃতার ক্ষেত্রে লক্ষণীয় বিষয় :

- স্বরের স্কেল ঠিক রাখা ।
- উত্তেজনা, উচ্চস্বর পরিহার ।
- সঠিক তথ্য বেশী প্রদান, ভুল তথ্য না দেওয়া ।
- উপস্থাপনা সুন্দর ও আকর্ষণীয় হওয়া ।
- পরিবেশ পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখা অবস্থা অনুকূলে রাখা, ঠিক রাখা ।
- অত্যন্ত সচেতন থাকা যাতে কোন দৃষ্টিকটু ও বিরক্তিকর অবস্থার সৃষ্টি না হয় ।
- সাজিয়ে গুছিয়ে কথা বলা, বিশৃঙ্খলা পরিহার ।
- প্রশাসনে ও উপস্থিতিদের প্রতি আবেদন ।

## ★ বিশেষ বিবেচ্য বিষয় :

- সময় নিয়ন্ত্রণ ।
- শ্রোতামণ্ডলীকে জানা ও বুঝা ।
- অনমনীয় নয় কিন্তু সোজাভাবে আরামে দাড়ানো ।
- প্রয়োজনে সামঞ্জস্যপূর্ণ অঙ্গভঙ্গি ।
- প্রাণোচ্ছল মুখের ভাব প্রকাশ ।
- শ্রুতি গোচর স্বরে কথা বলা ।
- শব্দ ব্যবহারে ছন্দময় গতির ব্যবহার ।
- আনন্দ দায়ক ও উষ্ণ সুরে কথা বলা ।
- বক্তব্যের মধ্য দিয়ে আবেগ, অনুভূতি, আগ্রহ এবং প্রবল উৎসাহ ছড়িয়ে দেয়া ।
- কার্যকর মাত্রায় শব্দের সংখ্যা ও সুরে পরিবর্তন ।
- সকল শ্রোতামণ্ডলীর দিতে তাকানো ।
- চোখে চোখে যোগাযোগ ।
- উত্তম শব্দচয়ন ও ইতিবাচক বক্তব্য পেশ ।
- অহেতুক প্রশ্ন এড়াতে সংবেদনশীল বাক্যের সুস্পষ্ট ব্যাখ্যা দান ।

**শুদ্ধ ভাষার পাঠশালা**

বিশুদ্ধ বাংলা উচ্চারণ, উপস্থাপনা, বক্তৃতা ও আবৃত্তি প্রশিক্ষণমূলক প্রতিষ্ঠান